দর্শনার আকন্দবাড়ীয়ায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধামহিলাসহ ১০টি ছাগলের মৃত্যু

চুয়াডাঙ্গার সদর উপজেলার দর্শনা থানার আকন্দবাড়ীয়ার কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের জৈব সারখানার পিছনে ছোটপুল নামকস্থানে ছাগল চরাতে গিয়ে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনে কাটা পড়ে নুরজাহান বেগমসহ (৬৫) ১০টি ছাগল মারা গেছে। মৃত নুরজাহান বেগম আকন্দবাড়ীয়া ফার্মপাড়ার কালামের স্ত্রী।

দর্শনা হল্ট রেলস্টেশনের জিআরপি ফাঁড়ী ইনচার্জ এসআই আতাউর রহমান প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানান, গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা রূপসা আন্তঃনগর ট্রেনটি ছোটপুল নামকস্হানে পৌঁছুলে ছাগলগুলো ট্রেনের নিচে পড়ে যায়। সে সময় নুরজাহান বেগম ছাগলগুলো বাঁচাতে গেলে ওই ট্রেনে কাটা পড়ে তিনি ঘটনাস্থলেই নিহত হন।

তিনি আরো বলেন, ছাগল চরাতে গিয়ে ওই বৃদ্ধা দূর্ঘটনার শিকার হন। ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা জিআরপি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষ করে লাশ দাফনের জন্য স্বজনদের কাছে দিয়ে দেয়া হবে।

গতকাল বুধবার রাত ৮ টার দিকে তার মৃতদেহের ময়না তদন্ত শেষে রাত ৯টার দিকে গ্রামের কবরস্থানে জানাযা শেষে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে। এ মর্মান্তিক ঘটনায় গ্রামজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।